

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০৯১.২০.০০৭.১৮-৮৮৬

তারিখঃ ০২/১০/২০১৮ খ্রিঃ

বিষয়ঃ জনাব মোসাঃ মিলি খাতুন, প্রভাষক (কম্পিউটার অপারেশন) এর নিবন্ধন ও একাডেমিক সনদ জালিয়াতির মাধ্যমে এবং কাম্য শিক্ষাগত যোগ্যতা না থাকা স্বত্ত্বেও অবৈধ ভাবে নিয়োগ ও বেতন করানোর বিরুদ্ধে অভিযোগ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রাজশাহী জেলার মতিহার (পবা) উপজেলাধীন মহানগর টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট ইন্সটিটিউট এ নিয়োগ প্রাপ্ত ও এমপিওভুক্ত জনাব মোসাঃ মিলি খাতুন, প্রভাষক (কম্পিউটার অপারেশন)-এর নিবন্ধন ও সার্টিফিকেট জালিয়াতির মাধ্যমে নিয়োগ ও এমপিও ভুক্তি প্রসঙ্গে ২টি অভিযোগ পাওয়া গেছে।

২। উক্ত অভিযোগ অনুসারে প্রতিষ্ঠানের অধ্যক্ষ জনাব মোঃ জহরুল আলমের স্ত্রী জনাব মোসাঃ মিলি খাতুন, প্রভাষক (কম্পিউটার অপারেশন)-এর নিবন্ধন সনদ জাল। অধিকন্তু তার বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী পাশের সনদ নিয়ে তাদের আপত্তি রয়েছে। কারন তার শিক্ষাগত যোগ্যতা ছিল এইচ.এস.সি মানবিক বিভাগে। তিনি কিভাবে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং ডিগ্রীতে অধ্যয়ন করেছেন। তারা আরও জানান জনাব মোসাঃ মিলি খাতুন প্রকৃতপক্ষে দর্শন শাস্ত্রে অনার্স ও মাস্টার্স ডিগ্রী ধারী।

৩। উক্ত অভিযোগের ভিত্তিতে প্রাথমিক ভাবে তার এনটিআরসি এর নিবন্ধন সনদ যাচাই করে দেখা যায় যে, জনাব মোসাঃ মিলি খাতুন-এর সনদের উল্লিখিত রোল নম্বরে তার নামের পরিবর্তে মোঃ তারিকুল ইসলাম, পিতা-মোঃ নুরুল হদার নাম আছে (কপি সংযুক্ত)। অর্থাৎ তিনি জাল নিবন্ধন সনদের মাধ্যমে নিয়োগ প্রাপ্ত ও এমপিও ভুক্ত হয়েছেন। এছাড়া তার বিএসসি ইঞ্জিনিয়ারিং পাশের ব্যাপারে উপযুক্ত ব্যাখ্যা প্রয়োজন।

৪। বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (ব্যবসায় ব্যবস্থাপনা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ২৮.১.৫ ধারা মোতাবেক-শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ নিম্নোক্ত কারনে শিক্ষক-কর্মচারীর এমপিও নির্দিষ্ট সময়ের জন্য সাময়িকভাবে স্থগিত, আংশিক বা সম্পূর্ণ কর্তন কিংবা বাতিল করতে পারবে;

“জাল সনদ বা নিবন্ধন বা টেবুলেশন শীট বা নিয়োগ-যোগদানপত্রসহ অসত্য তথ্য বা তথ্য গোপন, মহিলা কোটা অনুসরণ ব্যতীত শিক্ষক নিয়োগ এবং জনবল কাঠামো বহির্ভূত পদে অবৈধ এমপিও ভুক্তির ক্ষেত্রে তা শাস্তিযোগ্য অপরাধ হিসেবে গণ্য হবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারী ও প্রতিষ্ঠান প্রধানের এমপিও ক্ষেত্র মতে স্থগিত বা বাতিল করা হবে। মহাপরিচালক তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করে বিষয়টি মন্ত্রণালয়কে অবহিত করবে।”

এমতাবস্থায় জাল নিবন্ধন সনদের মাধ্যমে নিয়োগ প্রাপ্ত ও এমপিওভুক্ত হওয়ার কারণে এমপিও নীতিমালার ২৮.১.৫ ধারা মোতাবেক জনাব মোসাঃ মিলি খাতুন, প্রভাষক (কম্পিউটার অপারেশন)-এর এমপিও কেন বন্ধ করা হবে না এবং জাল সনদের মাধ্যমে শিক্ষক নিয়োগ ও এমপিও ভুক্ত করায় প্রতিষ্ঠানের অধ্যক্ষ (জনাব মোঃ জহরুল আলম)-এর বেতন-ভাতা স্থগিত করা হবে না তা আগামী ০৭ কর্ম দিবসের মধ্যে এবিষয়ে উপযুক্ত প্রমাণকসহ ব্যাখ্যা প্রদান করার জন্য অনুরোধ করা হল।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক

প্রাপকঃ

১। জনাব মোঃ জহরুল আলম

অধ্যক্ষ,

মহানগর টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট ইন্সটিটিউট
মতিহার (পবা), রাজশাহী।

২। জনাব মোসাঃ মিলি খাতুন

প্রভাষক (কম্পিউটার অপারেশন)

মহানগর টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট ইন্সটিটিউট
মতিহার (পবা), রাজশাহী।

স্মারক নং-৫৭.০৩.০০০০.০৯১.২০.০০৭.১৮-৮৮৬(৭)

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১। জেলা প্রশাসক, রাজশাহী।

২। উপ-সচিব (কারিগরি-১/২), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৩। সভাপতি, মহানগর টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট ইন্সটিটিউট, মতিহার (পবা), রাজশাহী।

৪। জেলা শিক্ষা অফিসার, রাজশাহী।

৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধ করা হল)।

৬। পিএ.টু মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৭। সংরক্ষণ নথি।


স্বাক্ষরিত/-

(ড. মোঃ নুরুল ইসলাম)

পরিচালক (ভোকেশনাল)

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

তারিখঃ ০২/১০/২০১৮ খ্রিঃ



(মোঃ জহরুল ইসলাম)

সহকারী পরিচালক (এমপিও)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।